নিজস্ব প্রতিনিধি— বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজোর বাকি আর মাত্র কয়েকটা দিন। কুমোরটুলি থেকে শুরু করে শহরের বিভিন্ন প্রান্তে ইতিমধ্যেই প্রতিমা তৈরির কাজ শুরু হয়ে গিয়েছে। এরই মাঝে প্রতিমাশিল্পীদের জন্য গুরুত্বপূর্ণ নির্দেশিকা জারি করেছে কলকাতা পুলিশ। লালবাজারের তরফে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে যে, কোনোভাবেই ১০-১১ ফুটের বেশি উচ্চতার প্রতিমা নির্মাণ করা যাবে না। লালবাজারের তরফে প্রকাশিত এই বিজ্ঞপ্তি সুনির্দিষ্ট ব্যাখ্যাও দেওয়া হয়েছে। পুলিশ জানিয়েছে, সার্কুলার রেল পরিষেবার রেল লাইনের উপর উচ্চ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎবাহী তার বসানো রয়েছে। এই তারের উচ্চতা মাত্র ১৭.৬ ফুট। একই সঙ্গে দুর্ঘটনা এড়ানোর জন্য বাগবাজার ও গোয়ালিয়র ঘাটের মধ্যে অবস্থিত রেলওয়ে লেভেল ক্রসিংয়ে আড়াআড়িভাবে লোহার খুঁটি বসানো রয়েছে। এই লোহার খুঁটির উচ্চতা ১৭ ফুটেরও কম। সেক্ষেত্রে বিসর্জনের সময় রেল কর্তৃপক্ষ কোনোভাবেই লোহার খুঁটিগুলি সরাবে না এবং রেলের ওভারহেড তারও খুলবে না। তার ফলে বিসর্জনের সময় প্রতিমার উচ্চতা বেশি হলে তা রেলের তার ও খুঁটিতে লেগে মারাত্মক বিপর্যয় ঘটতে পারে।

লালবাজারের এই নির্দেশিকায় স্পষ্ট জানানো হয়েছে, বাগবাজার ও গোয়ালিয়র ঘাটের মধ্যবর্তী যে কোনও ঘাটে যে সমস্ত বারোয়ারি পুজো উদ্যোক্তারা প্রতিমা বিসর্জন করতে ইচ্ছুক, তাদের জন্য ১০-১১ ফুটের বেশি উঁচু প্রতিমা তৈরি করা যাবে না। আবার, লরি বা ট্রাকের উপর যখন প্রতিমা বসানো হবে, তখন গাড়ি সমেত প্রতিমার মোট উচ্চতা ১৭ ফুটের উপর না যায়। তবে শুধু দুর্গাপুজোই নয়, কালীপুজো, জগদ্ধাত্রী পুজোয়ও কোনও প্রতিমার উচ্চতা যেন ১০-১১ ফুটের বেশি না হয় তার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রতিটি প্রতিমাশিল্পীর উদ্দেশে এই নির্দেশ কঠোরভাবে মানতে অনুরোধ জানানো হয়েছে। কোনও পুজো সংগঠক ও বারোয়ারি কমিটি জোর করলেও যাতে তাঁরা এই নির্দেশ অমান্য করে প্রতিমা তৈরি না করে সেই নির্দেশ দেওয়া হয়েছে। পুজোর উদযাপনের মধ্যে কোনও বিষাদময় ঘটনা যাতে না ঘটে সেই উদ্দেশেই লালবাজারের তরফে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

অভিষেকের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের নির্দেশ

নিজস্ব প্রতিনিধি— ডিজে বাজানো নিয়ে মন্তব্য করে বিতর্কে জড়িয়েছেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবার সেই মামলায় অভিষেকের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করার অনুমতি দিল আদালত। তদন্তকারী সংস্থা সিআইডিকে অভিষেকের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করতে নির্দেশ দিয়েছে আদালত। তদন্তের প্রয়োজনে অভিষেকের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করার জন্য মঙ্গলবার বিধাননগর আদালতে আবেদন জানায় সিআইডি। ম্যাজিস্ট্রেট সেই আবেদন মঞ্জুর করেন। ৩০ জুন কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের করার কথা বলা হয়েছে। কোর্টের নির্দেশ, ওই দিন বিধাননগর আদালতে গিয়ে অভিষেককে তাঁর কণ্ঠস্বরের নমুনা রেকর্ড করাতে হবে। সেখানে উপস্থিত থাকবেন ম্যাজিস্ট্রেট এবং ফরেন্সিক বিশেষজ্ঞরা। এই মামলায় ইতিমধ্যেই সিআইডি সদর দফতরে জিজ্ঞাসাবাদ করা হয়েছে তৃণমূল সাংসদকে।

তৃণমূল নেতাকে কান ধরে ওঠবোস

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া, ২৩ জুন— দুর্নীতির অভিযোগকে কেন্দ্র করে ফের বিতর্কে তৃণমূল কংগ্রেস। এবার বাঁকুড়ার জয়পুর ব্লকের ময়নাপুর এলাকায় এক তৃণমূল অঞ্চল সভাপতিকে ঘিরে বিক্ষোভ দেখালেন স্থানীয় বাসিন্দারা। অভিযোগ, পঞ্চায়েত এলাকার গাছ বিক্রির টাকা দলীয় তহবিলে জমা করা হয়েছে। পাশাপাশি আবাস প্রকল্পের উপভোক্তাদের কাছ থেকেও অর্থ আদায় করা হয়েছে বলে দাবি স্থানীয়দের।

অভিযোগ, বিক্ষুব্ধ গ্রামবাসীরা ওই নেতাকে কান ধরে ওঠবস করান। মারধরের অভিযোগও উঠেছে।

হুঁশিয়ারি শুভেন্দুর

একের পৃষ্ঠার পর

তাঁর দাবি, পরিবারতন্ত্র, তোষণনীতি, দুর্নীতি এবং প্রশাসনিক ব্যর্থতার কারণেই তৃণমূলের পতন ঘটেছে। এমনকি তিনি বলেন, তৃণমূল জমানার ওই অধ্যায় শেষ হয়ে গিয়েছে, আর ফিরে আসতে পারবে না।' তৃণমূল আমলের দুর্নীতি নিয়ে এদিন আগাগোড়াই সরব ছিলেন মুখ্যমন্ত্রী যদিও তারই মাঝে তৃণমূলের বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় ও সমর মুখার্জীর সততার প্রশংসাও করেন।

বক্তৃতার শেষভাবে সবচেয়ে তাৎপর্যপূর্ণ মুহূর্ত আসে যখন তৃণমূল বিধায়ক কুণাল ঘোষ দাঁড়িয়ে বলেন, যাঁদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠেছে তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক। একই সঙ্গে তিনি দাবি করেন, নিজেদের বাঁচাতে যাঁরা এখন বিদ্রোহী সেজেছেন, তাঁদেরও রেয়াত করা উচিত নয়। কুণালের এই মন্তব্য রাজনৈতিক মহলে নতুন জল্পনার জন্ম দিয়েছে। কারণ, মুখ্যমন্ত্রীর দুর্নীতিবিরোধী আক্রমণের মধ্যেই তৃণমূলের এক বিধায়কের এমন বক্তব্য রাজ্যের রাজনৈতিক সমীকরণে নতুন মাত্রা যোগ করেছে। কারণ একথা বলার অপেক্ষা রাখে না যে, সেই সময় নোভোটেল শিবিরে বসা তৃণমূল নেতাদের উদ্দেশ্য করেই তিনি কুনাল একথা বলেন।

বাড়িতে মিলল ৩০০ ভরি সোনা

একের পৃষ্ঠার পর

উল্লেখ্য, চলতি মাসের ৮ তারিখে তোলাবাজির অভিযোগে সব্যসাচীকে গ্রেফতার করেছিল বিধাননগর উত্তর থানার পুলিশ। তার পর সব্যসাচীকে নিয়ে বিভিন্ন জায়গায় তল্লাশি চালায় পুলিশ। সেই তল্লাশিতে সব্যসাচীর রাজারহাটের ফ্ল্যাট এবং ব্যাঙ্কের লকার মিলিয়ে প্রায় সাড়ে তিন কেজি সোনা পেয়েছিলেন তদন্তকারীরা। জানা গিয়েছে, তোলাবাজির টাকা দিয়ে নিয়মিত সোনা কিনে রাখতেন সব্যসাচী। তোলাবাজি, হুমকি, দুর্নীতির একাধিক অভিযোগে সব্যসাচী এবং তাঁর স্ত্রী ইন্দ্রাণী দেবের পাঁচটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করেছে পুলিশ। ওই পাঁচটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট, মেয়াদি আমানত ও নগদ মিলিয়ে ৩ কোটি ৭০ লক্ষ টাকা বাজেয়াপ্ত করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। এই বিপুল টাকার উৎস কী, সব্যসাচীকে জেরা করে তা জানার চেষ্টা করছে পুলিশ।

জানা গিয়েছে টিনার বাবা কাঞ্চন করিমপুরের নাজিরপুর বাজারে একটি কাপড়ের দোকান আছে। এলাকার মানুষের দাবি, ওই বিপুল সোনার মালিক টিনা। যদিও এই বিষয়ে মুখ খোলেনি টিনা। তবে টিনার বাবা কাঞ্চন বলেছেন, 'ওই সোনা তাদের পরিবারের। তবে এর মধ্যে তাঁর মেয়ের কিছু গয়না থাকলেও থাকতে পারে। ওর স্বামী আছে টিনার কিছু সোনা আছে কিনা সেটা ওর মা বলতে পারবে।' যদিও স্থানীয় বিজেপি নেতা সৌমেন সরকার বলেছেন, 'সব্যসাচীর অত্যন্ত ঘনিষ্ঠ টিনা। সেই সূত্রেই সম্ভবত সোনা নয়, নদিয়ার নাজিরপুর এলাকায় বিশাল সম্পত্তিও করেছে টিনা। কলকাতাতেও তাঁর চারটি ফ্ল্যাট আছে। টিনা কিভাবে এই বিপুল পরিমাণ সম্পত্তির মালিক হল তা খতিয়ে দেখা দরকার।'

নবান্নে এডিবি-র কর্তাদের

একের পৃষ্ঠার পর

তাঁদের প্রস্তাবে হুগলি জেলার ডানকুনিকে পূর্ব ভারতের বৃহত্তম মাল্টিমোডাল লজিস্টিকস হাব হিসেবে গড়ে তোলার কথা বলা হয়েছে।

পাশাপাশি শিলিগুড়িকে উত্তর-পূর্ব ভারত ও প্রতিবেশী দেশগুলির গেটওয়ে হিসেবে এবং হলদিয়াকে সামুদ্রিক বাণিজ্যের অন্যতম কেন্দ্র হিসেবে গড়ে তোলার প্রস্তাব দেওয়া হয়েছে।

বিশ্ব উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তন রোধের বিষয়টিতেও গুরুত্ব দিয়েছেন এডিবির শীর্ষ কর্তারা। এজন্য কলকাতার বায়ুদূষণ মোকাবিলায় শহরের পরিবহণ ব্যবস্থায় কিছু কৌশলগত পরিবর্তনের প্রস্তাবও দেওয়া হয়েছে। যার মধ্যে আছে ইলেকট্রিক বাসের ব্যবহার বাড়ানো, গণপরিবহণ ও শেয়ার্ড ট্রান্সপোর্টের সম্প্রসারণ এবং তথ্যপ্রযুক্তিনির্ভর স্মার্ট ট্রান্সপোর্ট ব্যবস্থা চালুর পরামর্শ। মূলত দূষণহীন, গতিসম্পন্ন ও আধুনিক গণপরিবহন চালুর প্রস্তাব দিয়েছে এডিবি। দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে নীতি আয়োগের তরফেও একই পরামর্শ দেওয়া হয়েছিল।

শিল্পায়নের লক্ষ্যে শিল্প তালুকগুলির কাছাকাছি এলাকায় পরিযায়ী শ্রমিক ও নিম্নআয়ের মানুষের থাকার জন্য স্বল্পমূল্যের ভাড়ার আবাসন তৈরির সুপারিশ করেছে এডিবি। তবে সস্তার আবাসন হলেও সেখানে হাসপাতাল থেকে শুরু করে স্কুল, হস্টেল, খেলার মাঠ ও যাতায়াতের সব রকম মৌলিক পরিকাঠামো একই সঙ্গে থাকবে।

অন্যদিকে পর্যটনের ক্ষেত্রে বারাণসী মডেলের কথা তুলে ধরে পরিকাঠামো ও হেরিটেজের মেলবন্ধনে ৪টি ক্লাস্টার তৈরি প্রস্তাব নিয়েও এডিবির কর্তাদের সঙ্গে আলোচনা হয়েছে বলে খবর। যার মধ্যে আছে দার্জিলিং-ডুয়ার্স-কালিম্পং-তিস্তা সার্কিট। উপকূলীয় এলাকায় দিঘা-মন্দারমণি-তাজপুর, কলকাতা-মুর্শিদাবাদ-বিষ্ণুপুর হেরিটেজ ক্লাস্টার এবং ইকো-ট্যুরিজম ক্লাস্টার সুন্দরবন।

এ ছাড়াও শিলিগুড়ি, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারের মতো যে সব শহরে দ্রুত নগরায়ন হচ্ছে সেখানে ভূগর্ভস্থ জলের ওপর নির্ভরতা কমিয়ে তিস্তা ও অন্যান্য নদীর জলকে আধুনিক প্রযুক্তির মাধ্যমে পরিশোধন করে ২৪ ঘণ্টার আধুনিক জল সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা নিয়েও এডিবির কর্তাদের সঙ্গে আলোচনা হয়েছে বলে খবর। সূত্রের খবর, আগামিদিনে এই কাজে এডিবির আর্থিক সহায়তাও মিলতে পারে।

শ্যামাপ্রসাদ পক্ষ পালন

একের পৃষ্ঠার পর

এছাড়া রাজ্যজুড়ে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের স্মৃতিতে পার্ক, গ্রন্থাগার ও স্মারক নির্মাণের জন্য বাজেটে ২০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

মঙ্গলবার তাঁর প্রয়াণ দিবসে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মাল্যদান করেন। বিজেপি সরকারের মতে, তাঁর আদর্শ ও অবদানকে নতুন প্রজন্মের সামনে তুলে ধরার মাধ্যমেই বাংলার ইতিহাসের এক গুরুত্বপূর্ণ অধ্যায়কে পুনরায় জনসমক্ষে প্রতিষ্ঠিত করা হবে।

কোর্ট নোটিস

माननीय न्यायालय प्रधान जिला न्यायाधिश, धनबाद
सिविल मिस केस नं0-24/2025

दि न्यू इंडिया एश्योरेन्स कम्पनी लिमिटेड ... आवेदक
बनाम्
सरबजीत सिंह ....विपक्षी
प्रेषित:

सरबजीत सिंह, पिता-निरंजन सिंह, साकिन-106, बी0टी0 रोड कोलकाता (पश्चिम बंगाल)।

इस प्रकाशन के माध्यम से आपको सूचित किया जाता है कि, वादी ने आपके विरुद्ध **सिविल मिस केस संख्या- 24/2025** दायर किए है, जिसमें आपके विरुद्ध नजारत एवं पंजीकृत डाक द्वारा सम्मन / नोटिस भेजा जा चुका है। परन्तु आप अभी तक न्यायालय में उपस्थित नही हुए है।

अतः समाचार-पत्र के माध्यम से आपको सम्मन /सूचित किया जाता है कि आप दिनांक 08.07.2026 को प्रातः 10:30 बजे स्वंय या अपने अधिवक्ता के माध्यम से न्यायालय में उपस्थित होकर अपना जवाब दाखिल करे, अन्यथा वाद की सुनवाई और उसका निपटारा आपकी अनुपस्थिति में एकपक्षीय की जायेगी।

इसे ताकिद जाने।

आज दिनांक 16/06/2026 को न्यायालय के मुहर एवं हस्ताक्षर से निर्गत किया गया।

प्रधान जिला न्यायाधीश, धनबाद

BIKA

গোয়েল ফুড প্রোডাক্টস লিমিটেড

৭৬/১/২, গোলাঘাটা রোড, (ভিআইপি রোড), কলকাতা- ৭০০ ০৪৮
CIN: L51909WB1996PLC076909
ফোন: +৯১ ৮৯৬১৬ ৩৩৩১২
ই-মেল: info@goelfood.com, bikabanquets@gmail.com ওয়েবসাইট: bika.co.in

৩০তম বার্ষিক সাধারণ সভার ("এজিএম") বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি মারফৎ এতদ্দ্বারা জানানো হচ্ছে যে, গোয়েল ফুড প্রোডাক্টস লিমিটেড ("কোম্পানি")-এর সদস্যদের ৩০তম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") ভিডিও কনফারেন্সিং ("ভিসি") / অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যম ("ওএভিএম")-এর মাধ্যমে শুক্রবার, ২৪ জুলাই, ২০২৬, ভারতীয় সময় ("আইএসটি") সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। কোম্পানি আইন, ২০১৩-এর প্রযোজ্য বিধানাবলি এবং মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এমসিএ) কর্তৃক জারি করা তৎসহ পঠিত সেবি-র সার্কুলার তারিখ ৭ অক্টোবর, ২০২৩ (যথাক্রমে সার্কুলারসমূহ বলা হয়েছে)- এর সাধারণ বিজ্ঞপ্তি নং. ২০/২০২০ তারিখ ৫ মে, ২০২০ এবং ৯/২০২৩ তারিখ ২৫ সেপ্টেম্বর, ২০২৩, ০৯/২০২৪ তারিখ ১৯ সেপ্টেম্বর, ২০২৪ এবং ০৩/২০২৫ তারিখ ২২ সেপ্টেম্বর, ২০২৫ অনুযায়ী এই সভাটি আয়োজিত হবে। সভায় সদস্যদের সশরীরে উপস্থিতির প্রয়োজন নেই। উক্ত সভার স্থান হিসেবে গণ্য হবে কোম্পানির নিবন্ধিত কার্যালয়- ৭৬/১/২ গোলাঘাটা রোড, (ভিআইপি রোড), কলকাতা-৭০০০৪৮, পশ্চিমবঙ্গ, ভারত।

সদস্যরা শুধুমাত্র ভিসি/ ওএভিএম-এর মাধ্যমেই এই এজিএম-এ যোগ দিতে ও অংশগ্রহণ করতে পারবেন। এজিএম-এ যোগদানের বিস্তারিত নির্দেশাবলি উক্ত সভার বিজ্ঞপ্তিতে প্রদান করা হবে। কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৩ অনুযায়ী কোরাম গণনার উদ্দেশ্যে, ভিসি/ ওএভিএম-এর মাধ্যমে সভায় যোগদানকারী সদস্যদের গণনা করা হবে।

উপরোক্ত সার্কুলার অনুসারে, ৩০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) আহ্বানের বিজ্ঞপ্তি এবং কোম্পানির বার্ষিক প্রতিবেদনের সফট কপি, যাতে অন্যান্য বিষয়ের মধ্যে মার্চ ৩১, ২০২৬ তারিখে সমাপ্ত আর্থিক বছরের আর্থিক বিবরণী এবং অন্যান্য বিধিবদ্ধ প্রতিবেদন অন্তর্ভুক্ত থাকবে, তা সেইসব সদস্যদের কাছে ই-মেলের মাধ্যমে পাঠানো হবে, যাঁদের ই-মেল অ্যাড্রেস কোম্পানি বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট বা রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ"), অর্থাৎ মেসার্স বিগশেয়ার সার্ভিসেস প্রাইভেট লিমিটেডের কাছে নিবন্ধিত আছে। সদস্যরা আরও অবগত হবেন যে, কোম্পানি আমাদের রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ বিগশেয়ার সার্ভিসেস প্রাইভেট লিমিটেডের কাছে নিবন্ধিত শেয়ারহোল্ডারদের ঠিকানায় স্পিড পোস্টের মাধ্যমেও বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠাবে। যে সকল শেয়ারহোল্ডারের ই-মেল অ্যাড্রেস বা ডাক ঠিকানা নিবন্ধিত নেই, তাঁদের ই-মেল অ্যাড্রেস বা ডাক ঠিকানা নিবন্ধনের জন্য info@bigshareonline.com এ একটি অনুরোধ পাঠিয়ে কোম্পানি বা রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ"), অর্থাৎ মেসার্স বিগশেয়ার সার্ভিসেস প্রাইভেট লিমিটেডের সাথে যোগাযোগ করতে হবে। ৩০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এবং ২০২৫-২০২৬ সালের বার্ষিক প্রতিবেদনের বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইট, অর্থাৎ www.bikafood.com এবং যে সকল স্টক এক্সচেঞ্জে কোম্পানির ইকুইটি শেয়ার তালিকাভুক্ত রয়েছে, অর্থাৎ www.bsesme.com এ পাওয়া যাবে। এছাড়াও বিজ্ঞপ্তিটি এনএসডিএল (ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য নিযুক্ত সংস্থা)-এর ই-ভোটিং ওয়েবসাইট, অর্থাৎ, www.evoting.nsdl.com এ পাওয়া যাবে।

সদস্যরা আরও মনে রাখবেন যে, এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রস্তাবগুলিতে সদস্যদের ভোট দেওয়ার সুযোগ করে দিতে কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড-এর ই-ভোটিং পরিষেবা গ্রহণ করবে। দূরবর্তী ই-ভোটিং বা এজিএম চলাকালীন ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দেওয়ার জন্য সদস্যদের যোগ্যতা নির্ধারণের জন্য কোম্পানি জুলাই ১৮, ২০২৬ তারিখকে "কাট-অফ ডেট" হিসেবে নির্ধারণ করেছে। কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৮ এবং কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) রুলস, ২০১৪ অনুযায়ী ই-ভোটিং-এর পদ্ধতি এবং নির্দেশিকা এজিএম-এর বিজ্ঞপ্তির সাথে পাঠানো হবে।

সদস্যরা অবগত হবেন যে, দূরবর্তী ই-ভোটিং পর্ব জুলাই ২১, ২০২৬ (সকাল ৯:০০ টায়) শুরু হবে এবং জুলাই ২৩, ২০২৬ (বিকেল ৫:০০ টায়) (ভারতীয় সময়) শেষ হবে। এছাড়াও, কোম্পানি বার্ষিক সাধারণ সভায় (এজিএম) ভোট দেওয়ার জন্য ই-ভোটিং ব্যবস্থা প্রদান করবে।

গোয়েল ফুড প্রোডাক্টস লিমিটেড- এর পক্ষে
স্বাক্ষর/-
রুচি টিটকারিওয়ালা
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ২৪.০৬.২০২৬

ফর্ম নং ৩
[দেখুন রেগুলেশন-১৩(১)(এ)]

ঋণ পুনরুদ্ধার আদালত কলকাতা
(ডিআরটি ১)
নাইন্থ ফ্লোর, জীবন সুধা বিল্ডিং, ৪২-সি, জে.এল. নেহরু রোড, কলকাতা- ৭০০ ০৭১

কেস নং: ওএ/৬৭২/২০২৫
অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) তৎসহ ডেবট্স রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) রুলস, ১৯৯৩-এর রুল ৫-এর সাব-রুল (২এ)-এর নিরিখে সমন।
ইএক্সএইচ নং: ৭৩২৪

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বনাম
মিঃ সুমন চ্যাটার্জি

প্রতি,
(১) মিঃ সুমন চ্যাটার্জি
মিঃ কমল চ্যাটার্জির কন্যা/স্ত্রী/পুত্র
বাসস্থান: ৫৬, মালির বাগান, উত্তরপাড়া কোতরং, পোস্ট মাখলা হুগলি, পশ্চিমবঙ্গ- ৭১২২৪৫

সমন

যেহেতু, ওএ/৬৭২/২০২৫ সম্মানীয় অধিষ্ঠাতা আধিকারিক/রেজিস্ট্রারের উপস্থিতিতে ০৫/০৫/২০২৬ তারিখে নথিভুক্ত।

যেহেতু, এই সম্মানীয় বিচারসভা জানাচ্ছেন যে উক্ত আবেদনের সাপেক্ষে আপনাদের বিরুদ্ধে বাকি থাকা **২৩৮৬৪২১ টাকা** আদায়ের জন্য অ্যাক্টের সেকশন ১৯(৪) (ওএ) অনুযায়ী সমন/ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। (সমস্ত নথি এবং নকল ইত্যাদির সাথে আবেদন সংযুক্ত করা হয়েছে)।

অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) অনুযায়ী আপনি এবং অন্যান্য প্রতিবাদীদের নিম্নলিখিত নির্দেশ দেওয়া হয়েছে:
(১) কেন ত্রাণের প্রার্থনা অনুমোদন করা উচিত নয় সেই ব্যাপারে সমন পাওয়ার তিরিশ দিনের মধ্যে কারণ দর্শাতে হবে;
(২) সম্পত্তির বা বিশদ বিবরণ অথবা সম্পত্তি ছাড়া অন্য সম্পদের এবং আবেদনকারী দ্বারা আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা সম্পদের তথ্য প্রকাশ করতে হবে;
(৩) সুরক্ষিত সম্পত্তি এবং এই জাতীয় অন্যান্য সম্পদ এবং সম্পত্তি যা প্রকৃত আবেদনের ক্রমিক নং ৩এ-তে প্রকাশ হয়েছে সেগুলি নিয়ে কোনও রকমের লেনদেন বা নিষ্পত্তি থেকে আপনাদের সংযত থাকতে হবে, যেহেতু এই সংক্রান্ত শুনানি এবং নিষ্পত্তি বাকি আছে;
(৪) আদালতের পূর্বানুমোদন ব্যতীত যে কোনও সম্পদ, সাধারণ ব্যবসায়িক কাজ ছাড়া আপনারা বিক্রয়, লিজ বা অন্যান্য ক্ষেত্রে এমন কোনও সম্পদ হস্তান্তর করতে পারবেন না যার উপর সিকিউরিটি ইন্টারেস্ট তৈরি করা হয়েছে এবং/ অথবা অন্যান্য সম্পদ ও সম্পত্তিসমূহ যা আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা বা প্রকাশ করা হয়েছে;
(৫) সাধারণ ব্যবসা এবং জমা পড়ার জন্য সুরক্ষিত সম্পদের বা অন্যান্য সম্পদের বিক্রির ক্ষেত্রে আপনি দায়ী থাকবেন, যার হিসাব এবং সিকিউরিটি ইন্টারেস্ট এই সমস্ত সম্পদের সাথে সংশ্লিষ্ট ব্যাঙ্ক বা অর্থনৈতিক সংস্থার সাথে যুক্ত।

এছাড়াও আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে আবেদনকারীর কাছে একটি লিখিত বিবৃতি তার নকল-সহ দাখিল করা এবং ২৯/০৭/২০২৬ **তারিখে সকাল ১০:৩০-এর সময় রেজিস্ট্রারের** কাছে উপস্থিত হওয়া। যাতে ব্যর্থ হলে আপনার অনুপস্থিতিতেই আবেদন শোনানো হবে এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।

এই আদালতের সিল সমেত আমার দ্বারা প্রদত্ত হল ০৫/০৬/২০২৬ তারিখে।

স্বাক্ষর/-
রেজিস্ট্রারার ইন চার্জ
ঋণ পুনরুদ্ধার আদালত নং- ১, কলকাতা
অর্থ মন্ত্রণালয়
ভারত সরকার

SBI

এসবিআই এইচএলসি হাওড়া (১০২৬৩)

২৩৯এ, পঞ্চাননতলা রোড, হাওড়া-৭১১১০১
ইমেল আইডি: sbi.10263@sbi.co.in

পরিশিষ্ট-৪ [বিধি-৮(১)]
দখলের বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এইচএলসি হাওড়ার অনুমোদিত আধিকারিক, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ধারা ১৩(১২) এবং তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ নিয়ম ৩ থেকে পাওয়া ক্ষমতা অনুযায়ী নিম্নলিখিত তারিখে একটি দাবির বিজ্ঞপ্তি জারি করেছিলেন এবং ঋণগ্রহীতা(গণ)কে আহ্বান জানিয়েছিলেন যেহেতু তিনি অর্থ পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন, এতদ্বারা ঋণগ্রহীতা(গণ) / জামিনদাতা(গণ) এবং সাধারণ জনগণকে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী পুরুষ/ মহিলা উক্ত অ্যাক্টের ধারা ১৩(৪) এবং তৎসহ পঠিত উক্ত রুলস, ২০০২ এর নিয়ম ৮ মেনে তার থেকে পাওয়া ক্ষমতা অনুযায়ী নিম্নলিখিত তারিখে ঋণগ্রহীতা(গণ) / জামিনদাতা(গণ)-র সম্পত্তির দখল নিয়েছেন। ঋণগ্রহীতা(গণ) / জামিনদাতা(গণ) এবং সাধারণ জনগণকে এখানে বর্ণিত সম্পত্তির সাথে কোনও কিছু কারবার না করার পরামর্শ দেওয়া হচ্ছে এবং সম্পত্তির সাথে যে কোনও লেনদেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এইচএলসি হাওড়ার পাওনা উক্ত পরিমাণ এবং সুদের সাপেক্ষে হবে। **উক্ত অ্যাক্টের ধারা ১৩-এর উপ-ধারা (৮) অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত সুরক্ষিত সম্পত্তিটি পুনরুদ্ধারের ব্যাপারে পুনরায় ঋণগ্রহীতা(গণ) / জামিনদাতা(গণ)-র দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।**

ক্র. নং	ঋণগ্রহীতা(গণ) আইনি উত্তরাধিকারীগণের নাম এবং ঠিকানা/ অ্যাকাউন্ট নং.	স্থাবর সম্পত্তির বিস্তারিত বিবরণ	১) দাবির বিজ্ঞপ্তির তারিখ ২) দখলের বিজ্ঞপ্তির তারিখ ৩) বকেয়ার পরিমাণ
১.	অলোক কুমার ব্যানার্জি ঠিকানা- গ্রাম- খালিয়া পশ্চিম পাড়া, কোনা হাই রোড, ফ্রেন্ডস অ্যাসোসিয়েশনের (খালিয়া) কাছে, হাওড়া- ৭১১ ১১৪ ঋণ অ্যাকাউন্ট- ৩৮৩১৬৭৯৩০৫৭ (এইচবিএল) ও ৩৮৩১৬৭৯৬৯৬৬ (সুরক্ষা)	বাস্তু জমির সমস্ত অংশের জায়গার পরিমাপ ৩ কাঠা ১০ ছটাক ৩৮ বর্গফুট কমবেশি। একই সঙ্গে সেখানে দাঁড়িয়ে থাকা কাঠামো এবং কমন প্যাসেজগুলিতে এবং সুযোগ সুবিধায় অধিকার, যা রয়েছে আরএস দাগ নং- ১২৯, এলআর দাগ নং- ১৩৪, আরএস খতিয়ান নং- ৫৭২, এলআর খতিয়ান নং- ৬১৮, মৌজা- খালিয়া, থানা- লিলুয়া, জেএল নং- ৬, চামরাইল গ্রাম পঞ্চায়েতের আওতায়, ডিএসআর- হাওড়া, এডিএসআর- হাওড়া, যা নিম্নরূপে সীমাবদ্ধ: উত্তরে: দাগ নং-১৩১-এর সম্পত্তি, দক্ষিণে: মৃত্যুঞ্জয় ব্যানার্জির সম্পত্তি, যার দাগ নং-১২৯, পূর্বে: দাগ নং-১২৬ ও ১৩০-এর সম্পত্তি, পশ্চিমে: পঞ্চায়েতের রাস্তা। সম্পত্তিটি শ্রী অলোক কুমার ব্যানার্জির নামে রয়েছে। সংশ্লিষ্ট দলিল নং- ০৪৩৬২, ২০০৯ সালের, বই-১, সিডি ভলিউম নং-১৮, পাতা নং ১১১৩ থেকে ১১৩৮ পর্যন্ত, নিবন্ধনের এডিএসআর দপ্তর- হাওড়া, পশ্চিমবঙ্গ।	১) ০৪.০৩.২০২৬ ২) ২০.০৬.২০২৬ ৩) ১১,৬২,৪৮৮.০০ টাকা (এগারো লক্ষ বাষট্টি হাজার চারশো অষ্টআশি টাকা মাত্র) ০৪.০৩.২০২৬ তারিখের হিসেবে। একই সঙ্গে সংশ্লিষ্ট বাকি সুদ, খরচ, ঘটনাক্রমিক ব্যয় ইত্যাদি সহ।
২.	দুর্গেশ কেওয়াত এবং বিন্দা দেবী, ঠিকানা- গ্রাম+ পোস্ট- রঘুনাথপুর, রঘুনাথপুর গ্রাম পঞ্চায়েত, থানা- ডানকুনি, হুগলি- ৭১২ ২৪৭ ঋণ অ্যাকাউন্ট- ৪২৭৯৫৫৫৩৩৬৯ (এইচবিএল) ও ৪২৭৯৫৫৫৪৩৫৮৫ (সুরক্ষা)	ফাঁকা জমির সমস্ত অংশের জায়গার পরিমাপ ০১ কাঠা ০৪ ছটাক ২২ বর্গফুট, ২.১১ শতকের সমতুল্য কমবেশি। যা রয়েছে মৌজা- রঘুনাথপুর, জেএল নং- ১০, আরএস ও এলআর দাগ নং- ৫৫৬, আরএস খতিয়ান নং- ৪৯৪ ও ১০৬৪, নতুন এলআর খতিয়ান নং- ৪৭৮৭, থানা- ডানকুনি, রঘুনাথপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, জেলা- হুগলি, যা নিম্নরূপে সীমাবদ্ধ: উত্তরে: ৬ ফুট চওড়া কমন প্যাসেজ, দক্ষিণে: সুরজ নাথ সিং-এর সম্পত্তি, পূর্বে: ৯ ফুট চওড়া কমন প্যাসেজ, পশ্চিমে: গোপাল চন্দ্র বেরার জমি, তারপরে আরএস প্লট নং- ৫৫৬(পি)। সম্পত্তিটি শ্রীমতি বিন্দা দেবীর নামে রয়েছে। সংশ্লিষ্ট দলিল নং- ০৬০৮০৬৯৩৮, ২০১৮ সালের, বই-১, খণ্ড নং-০৬০৮-২০১৮, পাতা নং ১৬৯১০২ থেকে ১৬৯১১৭ পর্যন্ত, নিবন্ধনের এডিএসআর দপ্তর- জনাই, পশ্চিমবঙ্গ।	১) ২৪.০২.২০২৬ ২) ২০.০৬.২০২৬ ৩) ১২,৬৭,০৫৫.০০ টাকা (বারো লক্ষ সাতষট্টি পঞ্চান্ন টাকা মাত্র) ২৪.০২.২০২৬ তারিখের হিসেবে। একই সঙ্গে সংশ্লিষ্ট বাকি সুদ, খরচ, ঘটনাক্রমিক ব্যয় ইত্যাদি সহ।

তারিখ: ২০.০৬.২০২৬
স্থান: কোনা এবং ডানকুনি

অনুমোদিত আধিকারিক
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

यूको बैंक UCO BANK

ইউকো ব্যাঙ্ক
কলকাতা আঞ্চলিক কার্যালয়
৫, এল.এল.আর সরণি, কলকাতা - ৭০০ ০২০, দূরভাষ: ০৩৩-৪৮০৯০৮৭৮/ ৪৮০৯০৮৭৯, ই-মেল: zocalcutta.rec@ucobank.co.in

স্থাবর সম্পত্তিগুলি বিক্রয়ের জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি

ই-নিলামের তারিখ: ২৯.০৭.২০২৬
ইএমডি ওয়ালেটে ইএমডি (অগ্রিম মূল্য) দেওয়ার শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট সম্পত্তির নিলামের ১ দিন আগে

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (২০০২-এর ৫৪ নম্বর) অনুসারে ইউকো ব্যাঙ্কের কাছে বন্ধক থাকা স্থাবর সম্পত্তির বিক্রয়।
যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক সারফায়েসি অ্যাক্ট ২০০২-এর সেকশন ১৩(২) অনুসারে নীচে উল্লেখ করা স্থাবর সম্পত্তি/গুলির দখল নিয়েছেন, নীচে দেওয়া আমাদের নির্দিষ্ট কিছু শাখার ঋণ অ্যাকাউন্ট থেকে ব্যাঙ্কের বকেয়া আদায়ের জন্য **'যেখানে আছে সেখানে এবং যা কিছু আছে তাই এবং কোনও রকম অবলম্বন ছাড়া'** শর্তে নীচের ছকে উল্লিখিত নির্দিষ্ট সম্পত্তিগুলি বিক্রয় করা হবে। এই বিক্রয় নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে হবে, প্ল্যাটফর্মের ওয়েবসাইটটি হল: **https://www.baanknet.com**।
সম্পত্তিগুলির বিক্রয় বিজ্ঞপ্তির জন্য সংরক্ষিত মূল্য সারফায়েসি অ্যাক্ট অনুযায়ী ঠিক করা হয়েছে।
নিম্নলিখিত সম্পত্তিগুলির সাম্প্রতিক ভ্যালুয়েশন রিপোর্ট (১ বছরের আগেকার নয়) অনুসারে, আমাদের চার্জ এবং শাখার সঙ্গে আলোচনা করে সারফায়েসি পদক্ষেপ অনুসারে বিক্রয়ের ব্যাপারে অগ্রসর হওয়া গেছে, ২৯.০৭.২০২৬ তারিখে নিলামে বিক্রয় হওয়ার জন্য সিইসিপি-তে শাখাগুলির বলা অনুসারে সংরক্ষিত মূল্য ঠিক করে হয়েছে।

ক্র. নং	ক) আর্থিক শাখার নাম ও যোগাযোগের ফোন নম্বর খ) অনুমোদিত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর	নিম্নলিখিতদের নাম ও ঠিকানা ক) ঋণগ্রহীতা, খ) জামিনদাতা/ স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা	ক) দাবির বিজ্ঞপ্তির তারিখ, খ) দখলের তারিখ, গ) দাবির বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থরাশির পরিমাণ	স্থাবর সম্পত্তির বিস্তারিত বর্ণনা	ক) সংরক্ষিত অর্থ খ) অগ্রিম জমার মূল্য (ইএমডি) গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) ই-নিলামের তারিখ ও সময়	মন্তব্য
১.	হাজরা রোড শাখা অর্ণব মিত্র শাখা হেড: ৯০৩৮৭৫৩৯০৫	ক) আবেদনকারী: মৌসুমী শর্মা খ) জামিনদাতা: দীপিকা শর্মা	ক) ২৫.০৯.২০২৫ খ) ২৪.১২.২০২৫ গ) ৩৭,৫০,৭৪০.৯৬ টাকা	একটি আবাসিক ফ্ল্যাট/ইউনিটের সমস্ত অংশ (মার্বেল মেঝে) ডেভেলপার্স অ্যালোকেশন থেকে, ফ্ল্যাট নং আর০৭, পূর্ব দিকে, চতুর্থ তলে অবস্থিত, পরিমাপ কম বেশি ১০৫৪ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া এবং ফ্ল্যাটের মধ্যে রয়েছে তিনটি শোওয়ার ঘর, একটি রান্নাঘর, একটি ড্রয়িং তথা ডাইনিং, দুটি বাথরুম এবং একটি প্রাইভি, এবং জি+৩ আবাসিক ভবনে রয়েছে একটি খোলা গ্যারেজের জায়গা যার পরিমাপ প্রায় কম বেশি ২০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া যেখানে লিফট সুবিধা রয়েছে। জমির সমস্ত অংশের মোট পরিমাপ কম বেশি ৫ কাঠা ৫ ছটাক ২৯ বর্গফুট বাস্তু জমি কম বেশি সঙ্গে জি+৩ তলা আবাসিক ভবন লিফট সুবিধা সহ বাস্তু জমিতে দাগ নং ০৯- এ অবস্থিত, আরএস খতিয়ান নং ১৮০, মৌজা- দক্ষিণ বেহালা, পরগনা বালিয়া, জেএল নং ১১৬, আরএস নং ৮১, তৌজি নং ৩৫১, সাব-রেজিস্ট্রেশন আলিপুর এবং এ.ডি.এস.আর অফিস বেহালা, ডিএসআর-৩ আলিপুর, থানা- ঠাকুরপুকুর জেলা দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে (এস.এস ইউনিট), ওয়ার্ড নং ১২৭, প্রেমিসেস নং ৫২এ, রাম রোড, কলকাতা- ৭০০০৬১। **সীমানায় রয়েছে: জমি অনুসারে: উত্তরে:** পূর্তি কালার্স অ্যাপার্টমেন্ট বিল্ডিং, **দক্ষিণে:** কেএমসি রোড এবং পরে রিক্রিয়েশন ক্লাব'স গ্রাউন্ড; **পূর্বে:** কেএমসি রোড; **পশ্চিমে:** পূর্তি কালার্স অ্যাপার্টমেন্ট বিল্ডিং। **ফ্ল্যাট অনুসারে: উত্তরে:** মুক্ত আকাশ; **দক্ষিণে:** মুক্ত আকাশ; **পূর্বে:** মুক্ত আকাশ; **পশ্চিমে:** মুক্ত আকাশ।	ক) ৪৫,৪৫,০০০ টাকা খ) ৪,৫৫,০০০ টাকা গ) ১০,০০০ টাকা ঘ) ২৯.০৭.২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত	বাস্তবিক
২.	ভবানিপুর শাখা সৌভিক সাহা শাখা হেড: ৮৭৭৭০৮৫৭৭০	১. আবেদনকারী: মিঃ ইন্দ্রনীল সাহা	ক) ২২.০৮.২০২৫ খ) ১৫.১২.২০২৫ গ) ৫,৫৪,৫০৪.৯০ টাকা	গ্রাউন্ড ফ্লোরে একটি দোকান ঘর (পশ্চিম মুখী) যার সুপার বিল্ট আপ এরিয়া কম বেশি ১৩০ বর্গফুট সঙ্গে উক্ত ভবনের নীচে থাকা জমির অবিভক্ত এবং/অথবা আনুপাতিক ভাগ এবং/অথবা স্বার্থ রয়েছে এবং আরএস দাগ নং ৬৩ এবং আরএস খতিয়ান নং ১৫২- এ অবস্থিত মৌজা- পশ্চিম পুটিয়ারি, জেএল নং ২৬, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে ওয়ার্ড নং ১১৫, থানা- ঠাকুরপুকুর বর্তমানে হরিদেবপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা যার মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৩৬২, পুটিয়ারি পাড়া রোড, পোস্ট- পশ্চিম পুটিয়ারি, কলকাতা- ৭০০০৪১। সম্পত্তিটি মিঃ ইন্দ্রনীল সাহার নামে রয়েছে, পিতা- মহাদেব সাহা। **সীমানায় রয়েছে: উত্তরে:** ২৪ ফুট চওড়া পুটিয়ারি ব্যানার্জি পাড়া রোড; **দক্ষিণে:** দোতলা ভবন; **পূর্বে:** অন্যদের জমি ও ভবন; **পশ্চিমে:** ২০ ফুট চওড়া পিটি রোড।	ক) ১৫,৪০,০০০ টাকা খ) ১,৫৪,০০০ টাকা গ) ১০,০০০ টাকা ঘ) ২৯.০৭.২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত	প্রতীকী
৩.	লেনিন সরণি শাখা কৌস্তব রায় শাখা হেড: ৯৭৪৯১৭২২৭৯	ক) আবেদনকারী: রাজেশ কুমার খ) সহ-আবেদনকারী: রানি কুমারী	ক) ১৮.১২.২০২৫ খ) ২৫.০২.২০২৬ গ) ১৯,৫৪,৭০৯.২৬ টাকা	বাস্তু জমির সমস্ত অংশের পরিমাপ ০১ কাঠা ০৪ ছটাক (কম বেশি) সঙ্গে বিদ্যমান দোতলা আর.সি.সি. ফ্রেমযুক্ত কাঠামো আবাসিক ভবন সিমেন্টের মেঝের এবং প্রতিটি তলের পরিমাপ প্রায় ৪৭২ বর্গফুট মোট ৯৪৪ বর্গফুট (প্রায়) মৌজা- পালপাকুরিয়ায় অবস্থিত, পরগনা- আনোয়ারপুর, জে.এল নং ৮২, আর.এস নং ২২৮, তৌজি নং ১২, আর.এস এবং এল.আর দাগ নং ৪৭১, এল.আর খতিয়ান নং ১৫০৫, থানা- বারাসত, বারাসত মিউনিসিপ্যালিটির সীমার মধ্যে, ওয়ার্ড নং- ০২, অতিরিক্ত জেলা সাব-রেজিস্টার কদম্বগাছির এক্তিয়ারের মধ্যে, জেলা- উত্তর ২৪ পরগনা, এবং সম্পত্তির মালিক হলেন (দলিল অনুযায়ী) শ্রী রাজেশ কুমার, সীমানা নিম্নলিখিতভাবে রয়েছে: পালপাকুরিয়া রোড, পোস্ট- কাজিপাড়া, থানা- বারাসত, উত্তর ২৪ পরগনা, পিন- ৭০০১২৫। **সীমানায় রয়েছে: উত্তরে:** ৪ ফুট + ৪ ফুট= ৮ ফুট চওড়া রাস্তা; **দক্ষিণে:** সুধানা সরকার; **পূর্বে:** সুদর্শন সরকার; **পশ্চিমে:** অনিল সিনহা।	ক) ২৭,৬৬,০০০ টাকা খ) ২,৭৭,০০০ টাকা গ) ১০,০০০ টাকা ঘ) ২৯.০৭.২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত	প্রতীকী

নিয়ম ও শর্তাবলী:

১. নিলামের বিক্রয় 'অনলাইন ই-নিলামের পোর্টাল'-এর মাধ্যমে সম্পন্ন হবে, পোর্টাল- **https://www.baanknet.com**।
২. উৎসাহী দরদাতা/ক্রেতাদের তাঁদের মোবাইল নম্বর এবং ই-মেল আইডি দিয়ে পোর্টালে (**https://www.baanknet.com**) রেজিস্টার করতে অনুরোধ করা হচ্ছে। সাথে তাদের কেওয়াইসি নথি আপলোড করতে হবে। একবার ই-নিলামের পরিষেবা দাতা দ্বারা কেওয়াইসি নথি যাচাই হয়ে গেলে (২টি কার্য দিবস লাগতে পারে) দরদাতা/ক্রেতারা অগ্রিম মূল্য (ইএমডি) অনলাইন মাধ্যমে তাঁদের গ্লোবাল ইএমডি ওয়ালেটে পোর্টালে উল্লেখ করা ওই নির্দিষ্ট সম্পত্তির নিলামের দিনের আগে পাঠিয়ে দিতে পারবেন। কেওয়াইসি নথির নথিভুক্তিকরণ এবং যাচাইয়ের এবং অগ্রিম মূল্যের পাঠানোর প্রক্রিয়া নিলামের আগে সম্পূর্ণ হতে হবে।
৩. দরদাতাদের গ্লোবাল ওয়ালেটের উপরে উল্লেখ করা অগ্রিম জমা দেওয়ার মূল্য (ইএমডি) এনইএফটির মাধ্যমে পাঠাতে হবে (**https://www.baanknet.com** ওয়েবসাইট থেকে চালান তৈরি হওয়ার পর)। যে কোনও নির্ধারিত বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে এনইএফটি করা যেতে পারে। চেক বা অন্য কোনও উপায়ে ইএমডি জমা গ্রাহ্য হবে না। অনলাইনে ইএমডি জমা না করা দরদাতারা ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন না। জমা করা অগ্রিম মূল্যের উপর কোনও সুদ লাগু হবে না।
৪. ই-নিলামের প্ল্যাটফর্মে (**https://www.baanknet.com**) ই-নিলামের পরিষেবাটি দেবে নিলামের পরিষেবাদাতা। আগ্রহী দরদাতাগণ/ ক্রেতাগণকে ই-নিলাম প্রক্রিয়ার অংশগ্রহণের জন্য ই-নিলাম পরিষেবা প্রদানকারী ওয়েবসাইট **https://www.baanknet.com**-এ যান। এই পরিষেবাদাতাই পোর্টালে ই-নিলামের অনলাইন প্রদর্শন এবং প্রশিক্ষণের ব্যবস্থাও করবেন।
৫. বিক্রির শর্তাবলী-সহ বিক্রির বিজ্ঞপ্তি নিম্নলিখিত ওয়েবসাইটে/ ওয়েব পেজ পোর্টালে প্রকাশিত হয়েছে/ পাওয়া যাচ্ছে- ক) **https://www.baanknet.com**।
৬. ই-নিলামের আগ্রহী অংশগ্রহণকারীরা বিক্রির বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্তাবলী, ই নিলামের কার্যকরী অংশের হেল্প ম্যানুয়ালের বিনামূল্যে অনলাইন কপি ডাউনলোড করতে পারেন ই-অকশন পোর্টাল থেকে (**https://www.baanknet.com**)।
৭. নিলামের সময় দরদাতাদের গ্লোবাল ওয়ালেটে পর্যাপ্ত অর্থ থাকতে হবে। (ইএমডি মূল্যের সমান বা বেশি)
৮. নিলামের সময় দরদাতাদের উচ্চ দর দেওয়ার সুযোগ দেওয়া হবে। ইন্টার-সে বিডিং-এর সময় দরদাতাকে আগের নথিভুক্ত দরের থেকে বেশি মূল্যের দর দিতে হবে। পরবর্তী উচ্চতর দর দেওয়ার জন্য দরদাতাদের ১০ (দশ) মিনিট সময় দেওয়া হবে। দশ মিনিট পূর্ণ হওয়ার পর যদি কোনও দরদাতার থেকে কোনও উচ্চতর দর পাওয়া না যায় সে ক্ষেত্রে ই-নিলাম বন্ধ হয়ে যাবে।
৯. বিক্রির বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্তাবলী, ই-নিলামের কার্যকরী অংশের হেল্প ম্যানুয়াল ভালো করে পড়া এবং কঠোরভাবে সেখানে নির্দেশিত পদ্ধতি পালন করা আগ্রহী দরদাতাদের দায়িত্বের মধ্যে পড়ে। ই-নিলামের আগে অথবা ই-নিলাম চলাকালীন কোনও রকম অসুবিধা হলে সাহায্যের জন্য পরিষেবা দাতার অনুমোদিত প্রতিনিধির সাথে যোগাযোগ করা যেতে পারে (**https://www.baanknet.com**)। বিশদ তথ্য ই-নিলামের পোর্টালে পাওয়া যাবে।
১০. অনুমোদিত আধিকারিক দ্বারা ই-নিলামের চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার পরে শুধুমাত্র সফল দরদাতাদের এসএমএস বা ই-মেলের মাধ্যমে উপরে দেওয়া পরিষেবাদাতার পক্ষ থেকে ফলাফল জানানো হবে। (দরদাতাদের দেওয়া এবং পরিষেবাদাতার কাছে রেজিস্টার হওয়া মোবাইল নম্বর এবং ই-মেল আইডি-তে)।
১১. সুরক্ষিত সম্পত্তিগুলি সংরক্ষিত মূল্যের কম দামে বিক্রি হবে না।
১২. সফল দরদাতাদের সেই দিন অথবা একটি কাজের দিনের মধ্যে চূড়ান্ত দরের ২৫ শতাংশ, ইএমডি-র জমা দেওয়া টাকা বাদ দিয়ে জমা করতে হবে এবং বাকি মূল্য নিলামের ১৫ দিনের মধ্যে জমা করতে হবে। যদি ব্যাঙ্কার্স চেক বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে উল্লিখিত মূল্য দেওয়া হয় তবে তা **'UCO Bank' payble at KOLKATA ZONAL OFFICE** নামে হতে হবে। যদি উল্লিখিত সময়ের মধ্যে কোনও দরদাতা উক্ত মূল্য জমা দিতে ব্যর্থ হন তবে দরদাতার আগে দেওয়া সমস্ত মূল্য বাজেয়াপ্ত করা হবে এবং অনুমোদিত অফিসার কর্তৃক ওই সম্পত্তির নতুন করে নিলামে বিক্রয়ের ব্যবস্থা হবে। সংশ্লিষ্ট দরদাতার ওই মূল্যের এবং সম্পত্তিটির উপরে কোনও রকম দাবি থাকবে না।
১৩. বিক্রয়ের সমস্ত অর্থ ও নিয়ম সম্পন্ন হওয়ার পর অনুমোদিত আধিকারিক নিয়ম অনুসারে বিক্রয়ের শংসাপত্র দেবেন।
১৪. স্ট্যাম্প ডিউটি এবং বিক্রয় শংসাপত্রের রেজিস্ট্রেশনের বা লেনদেনের খরচ যদি কিছু থাকে তবে তা সফল দরদাতারা বহন করবেন।
১৫. ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক সম্পত্তিগুলি (ই-নিলাম হওয়া) সংক্রান্ত ব্যাঙ্কের অজানা কোনও সরকারি বকেয়া অর্থ বা অন্য দায়ের জন্য দায়ী থাকবেন না। আগ্রহী দরদাতাদের উপদেশ দেওয়া হচ্ছে তারা নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে সম্পত্তির সংবিধিবদ্ধ দায়, সম্পত্তি কর বা বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি কিছু রয়েছে কি না জেনে নিন।
১৬. কোনও প্রশাসনিক প্রয়োজন অনুযায়ী ই-নিলামের দিন ও সময় পরিবর্তনের দরকার হলে পরিষেবাদাতা দ্বারা দরদাতাদের দেওয়া এবং পরিষেবাদাতার কাছে রেজিস্টার হওয়া মোবাইল নম্বর এবং ইমেল আইডি-তে এসএমএস বা ই-মেলের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
১৭. অনুমোদিত আধিকারিক কোনও কারণ না দেখিয়ে কোনও দর নেওয়া বা বর্জন করার অথবা নিলাম স্থগিত / পিছানো / বাতিল করবার সম্পূর্ণ অধিকার রয়েছে। এটা উল্লেখ করা দরকার এই বিজ্ঞপ্তির দ্বারা ব্যাঙ্কের পক্ষ থেকে কোনও ভাবে সম্পত্তিটি বিক্রি করবার অঙ্গীকার করা হচ্ছে না।
১৮. সম্পত্তির ব্যাপারে এবং প্রদত্ত তথ্যে তাঁরা খুশি কিনা তা যাচাই করে দেখা দরদাতাদের কর্তব্য। দরদাতার প্রদত্ত তথ্য অনুযায়ী সংশ্লিষ্ট দাপ্তরিকের সাথে আলোচনা করে এ ব্যাপারে নিশ্চিত হয়ে নেওয়া উচিত।
১৯. নিলামের সময়ে ইন্টারনেটের সঠিক কানেকশন, এবং বিদ্যুৎ সংক্রান্ত জরুরি ব্যবস্থা ইত্যাদির ব্যাপারে দরদাতার সুনিশ্চিত হওয়া উচিত। কোনও রকম ইন্টারনেট বা বিদ্যুৎ যোগাযোগ বা প্রযুক্তিগত সমস্যার জন্য ই-নিলামে প্রভাব পড়লে সে ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
২০. সম্পত্তির পরিদর্শনের জন্য আগ্রহী দরদাতারা সংশ্লিষ্ট ইউকো ব্যাঙ্কের শাখায় অফিসের সময়ে ক্রম নং ২৯.০৭.২০২৬ তারিখের আগে বা ওই দিন যোগাযোগ করতে পারেন।
২১. **এটি ঋণগ্রহীতা / জামিনদাতা / বন্ধকদাতাদের জন্যও উপরিউক্ত ক্ষণ ও নির্দিষ্ট দিনে সম্পত্তি বিক্রয় বন্ধ করবার জন্য ১৫ দিনের বিজ্ঞপ্তি হিসাবেও ধরা যেতে পারে।**
২২. সম্পত্তিগুলি 'যেখানে আছে সেখানে, যা কিছু আছে তাই' এবং 'কোনও অবলম্বন ছাড়া' শর্তে বিক্রি হবে। দরদাতারা নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে সম্পত্তির সংবিধিবদ্ধ দায়, সম্পত্তি কর বা বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি কিছু রয়েছে কিনা তা নিলামের প্রক্রিয়ায় অংশগ্রহণের আগে জেনে নিন। নিলামের পরে এই জাতীয় কোনও খরচ দিতে ব্যাঙ্ক কর্তৃপক্ষ দায়বদ্ধ থাকবেন না।
২৩. উপরে দেওয়া তথ্যগুলি ব্যাঙ্ক এবং অনুমোদিত অফিসারদের পাওয়া সর্বোৎকৃষ্ট তথ্য। ব্যাঙ্ক বা অনুমোদিত অফিসার এতে কোনও রকম ভুল বা তথ্যগত ত্রুটি বা তথ্যের অনুপস্থিতির জন্য কৈফিয়ত দিতে বাধ্য থাকবেন না।

তারিখ: ২২.০৬.২০২৬, স্থান: কলকাতা
স্বা/- অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক, আঞ্চলিক কার্যালয় কলকাতা